

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

উপজেলা পরিষদ কার্যালয়
বালিয়াডাংগী, ঠাকুরগাঁও
www.baliadangi.thakurgaon.gov.bd

বাল্যবিবাহ প্রতিরোধ করুন
সুন্দর সমাজ গঠন ভূমিকা রাখুন

উপজেলা পরিষদ শিক্ষা বৃত্তি ২০১৮

স্মারক নম্বর- ৪৬.০৪৬.৯৪০৮.০০০.০০.০১.১৭-৩৫

তারিখঃ ০৪/০৭/২০১৮

এতদ্বারা বালিয়াডাঙ্গী উপজেলার স্থায়ী বাসিন্দা ২০১৮ সনে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ৬ষ্ঠ শ্রেণি হতে স্নাতকোত্তর শ্রেণিতে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বালিয়াডাঙ্গী উপজেলা পরিষদের ২০১৭-১৮ অর্থবছরের রাজস্ব তহবিলের অর্থ হতে মেধাবী ও গরীব ছাত্র-ছাত্রীদের এককালীন শিক্ষাবৃত্তি প্রদান করা হবে। নিম্নোক্ত শর্তে যোগ্যতাসম্পন্ন আগ্রহী শিক্ষার্থীদের নিকট হতে নির্ধারিত ফরমে **আগামী ১৯/০৭/২০১৮ খ্রি: তারিখের মধ্যে** আবেদন আহবান করা হচ্ছে।

গ্রুপ	শ্রেণি	ভিত্তি পরীক্ষা	যোগ্যতা (জিপিএ)	
			ছাত্র	ছাত্রী
“ক” গ্রুপ	৬ষ্ঠ হতে ৮ম	পিএসসি	৪.০	৩.৫
“খ” গ্রুপ	৯ম হতে ১০ম	জেএসসি/জেডিসি	৪.০	৩.৫
“গ” গ্রুপ	একাদশ ও দ্বাদশ	এসএসসি/সম্মান	৪.৫	৪.০
“ঘ” গ্রুপ	স্নাতক (পাস)/সম্মান/সম্মান ও স্নাতকোত্তর (পাবলিক বিশ্ববিদ্যালয়/কলেজে অধ্যয়নরত)	এইচএসসি/সম্মান	৪.৫	৪.০

আবেদন ফরম ও অন্যান্য শর্তাবলী সংশ্লিষ্ট স্কুল/মাদ্রাসা/কলেজ, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে বিনামূল্যে সংগ্রহ করা যাবে এবং উপজেলা ওয়েব পোর্টাল (www.baliadangi.thakurgaon.gov.bd) এর নোটিশ বোর্ড হতে ডাউনলোড করা যাবে। আবেদন ফরম প্রয়োজনীয় কাগজপত্র সহ হাতে হাতে, ডাকযোগে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বালিয়াডাংগী অথবা ইমেইল ঠিকানা unobaliadangithakurgaon@gmail.com-এ প্রেরণ করতে হবে। খামের উপর অবশ্যই “গ্রুপের নাম” ও “বালিয়াডাংগী উপজেলা পরিষদ শিক্ষা বৃত্তি-২০১৮” লিখতে হবে। গরীব ও মেধাবী ছাত্রীদের আবেদনে উৎসাহ প্রদান করা হচ্ছে। বৃত্তি প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

স্বাক্ষরিত-

(মোঃ আঃ মান্নান)

উপজেলা নির্বাহী অফিসার
বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।